



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২১ জুলাই ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

জেএসএস সংস্কারবাদী কর্তৃক ৬০ বছরের বৃদ্ধকে খুনের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি ইউনিটের সংগঠক ও গণতান্ত্রিক যুব ফোরামের সভাপতি অংগ্য মারমা আজ শনিবার ২১ জুলাই ২০১৮ এক বিবৃতিতে খাগড়াছড়ি সদর উপজেলার ইটছড়ি এলাকায় জেএসএস সংস্কারবাদী গ্রুপ কর্তৃক বিমল চাকমা নামে ষাট বছরের এক বৃদ্ধকে খুনের ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে খুনীদের গ্রেফতার-পূর্বক দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন।

ঘটনার বর্ণনা দিয়ে ইউপিডিএফ নেতা বলেন, ‘গত বৃহস্পতিবার ১৯ জুলাই ২০১৮ প্রেম রঞ্জন চাকমা ও উজ্জ্বল চাকমা ওরফে কর্ণ-এর নেতৃত্বে জেএসএস সংস্কারবাদী গ্রুপের ৭-৮ জন সদস্য বিমল চাকমাকে সাজেক পাড়ার নিজ বাড়ি থেকে অস্ত্রের মুখে অপহরণ করে। তার পরিবারের লোকজন অনেক খোঁজাখুঁজি করলে সন্ত্রাসীরা গতকাল শুক্রবার সন্ধ্যা ৭টার দিকে বিমল চাকমাকে তার বাড়ির উঠোনে গুরুতর আহত অবস্থায় ফেলে রেখে যায়। পরে রাত ৯টার দিকে তার মৃত্যু হয়। ধারণা করা হয় মাত্রারিক্ত শারীরিক নির্যাতনের ফলে তার মৃত্যু হয়েছে।’

উক্ত খুনের ঘটনাকে বর্বরোচিত ও জঘন্য আখ্যায়িত করে অংগ্য মারমা বলেন, ‘জেএসএস সংস্কারবাদীরা একের পর এক খুন, অপহরণ করে যাচ্ছে, অথচ সরকারী প্রশাসন নির্বিকার। শুধু তাই নয়, খাগড়াছড়িতে সেনাবাহিনীর একটি গোষ্ঠী নিরীহ মানুষ হত্যা করতে সংস্কারবাদী ও নব্য মুখোশ বাহিনী সন্ত্রাসীদের অস্ত্র ও গোলাবারুদ যোগান দিচ্ছে এবং তাদের সাথে হামলায় অংশ নিচ্ছে।’

ইউপিডিএফ নেতা জুম্ম রাজাকার ও সমাজ-জাতির শত্রু সংস্কারবাদী জেএসএস ও নব্য মুখোশ বাহিনীর বিরুদ্ধে চলমান গণপ্রতিরোধ জোরদার করার আহ্বান জানিয়ে বলেন, ‘আত্মরক্ষার জন্য অন্য কোন পথ আর জনগণের সামনে খোলা নেই। ঐক্যবদ্ধ জনগণের কাছে যে কোন অপশক্তি পরাস্ত হতে বাধ্য।’

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।